**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 3 January 2026**
**TIME: 7:35 AM**

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৭ জানুয়ারী দুদিনের সফরসূচী নিয়ে আসামে আসছেন । প্রধানমন্ত্রীর উপস্থিতিতে তথা রাজ্যসরকারের উদ্যোগে ঐদিনই সরুসজাই ষ্টেডিয়ামে বাগারুম্বা নৃত্যে বিশ্ব রেকর্ড গড়ার প্রস্তুতি চালানো হচ্ছে । গতকাল মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা এবং সংস্কৃতি মন্ত্রী বিমল বরা সরুসজাই ষ্টেডিয়াম পরিদর্শন করে প্রস্তুতির খোজ খবর নেন ।

প্রধানমন্ত্রী আগামী ১৮ জানুয়ারী কলিয়াবরের মৌচন্দা পথারে একটি জনসভাকে সম্বোধন করবেন । এরপর তিনি সাত হাজার কোটি টাকা ব্যয়ে নির্মীয়মান কাজিরাঙ্গার এলিভেটেড কোরিডোরের শিলান্যাস করবেন ।প্রধানমন্ত্রীর আগমনের প্রতি লক্ষ্য রেখে আজ কলিয়াবরে অগপ এবং বিজেপি নেতা

কর্মীদের এক যৌথ বৈঠক অনুষ্ঠিত হয়েছে । বৈঠকে কেবিনেট মন্ত্রী পিযুষ হাজারিকা , অতুল বরা , কেশব মহন্ত প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী চলতি মাসের শেষে গৌহাটি এবং কলকাতার মধ্যে বহু প্রত্যশিত বন্দে ভারত স্লিপার সেবার উদ্বোধন করবেন । কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ এ কথা জানিয়েছেন । তিনি বলেন যে পরবর্তী ১৫ থেকে ২০ দিনের মধ্যে ১৮ অথবা ১৯ জানুয়ারী এই রেলসেবার সূচনা করা হবে । তিনি আরো জানান যে প্রধানমন্ত্রীকে ইতিমধ্যেই এই রেলসেবা সূচনা করার জন্য অনুরোধ জানানো হয়েছে এবং সব প্রস্তুতিও সম্পূর্ণ করা হয়েছে । তিনি একই সঙ্গে আগামী দুই এক দিনের মধ্যে রেলসেবা সূচনা করার নিশ্চিত দিন ঘোষণা করা হবে বলেও জানিয়েছেন । শ্রী বৈষ্ণ আরো জানান যে ৮শো ৩২ জন যাত্রী নিয়ে যাত্রা করা ১৬টি কোচ বিশিষ্ট এই রেলগাড়ীটির গতিবেগ প্রতিঘন্টায় ১৮০ কিলোমিটার হবে তবে পারিপার্শ্বিক কারণে আসাম ও পশ্চিমবঙ্গের মধ্যে প্রতিঘন্টায় ১২০ থেকে ১৩০ কিলোমিটার গতিতে এই রেলগাড়ীটি চলাচল করবে । এই রেলসেবার উদ্বোধনকে দেশের জন্য একটি নতুন মাইল ফলক বলে অভিহিত করে শ্রী বৈষ্ণ বলেন যে বন্দে ভারত শ্লিপার রেলগাড়ীর ভাড়া বিমানের ভাড়ার চেয়ে যথেষ্ট কম হবে ।

বন্দেভারত শ্লীপার রেলগাড়ীটির শীততাপ নিয়ন্ত্রিত তৃতীয় শ্রেনীর ভাড়া প্রায় ২ হাজার ৩শো টাকা , দ্বিতীয় শ্রেণীর ভাড়া ৩ হাজার এবং প্রথম শ্রেণীর ভাড়া প্রায় ৩ হাজার ৬শো টাকা হবে ।

---

রাজধানী দিল্লীর কর্তব্য পথে আসন্ন সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজে প্রথমবারের মত এবার সেনাবাহিনীর বন্যপ্রাণ বিভাগ অংশ গ্রহণ করবে । চলাচলের পক্ষে অত্যন্ত বিপদসঙ্কুল এলাকায় সামরিক অভিযান চালানোর সময় এই বন্যপ্রাণ বিভাগ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে । এই বিভাগ দুটি ব্যাকট্রিয়ান উট , ৪টি জাস্কর পনি , ৪টি রেপটরস , ১০টি ভারতীয় প্রজাতীর সেনা সারমেয়র সঙ্গে ৬টি প্রচলিত সেনা সারমেয় কাজ করছে । সেনা সূত্রে জানানো হয়েছে যে এই বিভাগ চিরাচরিত ঐতিহ্যের সঙ্গে উদ্ভাবনী এবং আত্মনির্ভরতার সমন্বয় সাধন করছে ।

---

আসাম রাইফেলস গতকাল মিজোরামের ভারত ম্যানমার সীমান্তে অভিযান চালিয়ে বৃহৎ পরিমানের মেথামফেটামাইন টেবলেট সহ একজন সরবরাহকারীকে গ্রেপ্তার করেছে । এর বাজারমূল্য ৩৩ কোটি টাকারও অধিক হবে বলে পুলিশ সূত্রে জানানো হয়েছে । প্রতিরক্ষা মুখপাত্র জানান যে গোপনসূত্রের খবরের ভিত্তিতে আসাম রাইফেলস মিজোরাম পুলিশের সহযোগিতায় সাইটুয়েল জেলার কাইফাং অঞ্চলে অভিযান

চালিয়ে ১১ কিলোগ্রামেরো বেশী ওজনের এই টেবলেট জব্দ করে ।

---

নীতি আয়োগ আকাঙ্খিত জেলা এবং আকঙ্খিত ব্লক কার্যসূচীর অধীনে লক্ষীপুর জিরো ওয়েষ্ট আনারস উদ্ভাবন প্রকল্পের জন্য ১ কোটি ৬৪ লক্ষ টাকার অনুদানে অনুমোদন জানিয়েছে । গতকাল কেন্দ্রীয় সরকারের আন্ডার সেক্রেটারি ( আকাঙ্খিত জেলা ও ব্লক কর্মসূচী ) এই সিদ্ধান্তের কথা ঘোষণা  করে বলেন যে বিগত বছরের ২০ শে নভেম্বর নীতি আয়োগের আকাঙ্খিত জেলা ও আকাঙ্খিত ব্লক কার্যসূচীর অধীনের সচিবদের ক্ষমতাপ্রাপ্ত কমিটির ৪৭ তম বৈঠকে এই বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয় ।অনুমোদিত প্রস্তাব অনুযায়ি লক্ষীপুর ব্লকে এক বছর তিনমাস মেয়াদি একটি আধুনিক জিরো ওয়েষ্ট আনারস উদ্ভাবন কেন্দ্র স্থাপন করা হবে ।এই উদ্যোগের মূল লক্ষ্য হচ্ছে আনারস ও এর উপজাত পণ্যের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে বর্জ্যের পরিমান নূন্যতম পর্যায়ে নামিয়ে আনা । এই প্রকল্প বাস্তবায়িত হলে লক্ষীপুর ব্লকে আনারসের মূল্য নির্ধারণ ব্যবস্থা আরও স্বচ্ছ এবং সুসংহত হবে বলে আশা করা হচ্ছে । আনারসের প্রক্রিয়াকরণ , উদ্ভাবনী প্রযুক্তির প্রয়োগ এবং দক্ষতার বিকাশের মাধ্যমে স্থানীয় কৃষক , মহিলা আত্মসহায়ক গোষ্ঠি এবং গ্রামীণ যুবকদের জন্য জীবিকা ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে । জেলা আয়ুক্ত  মৃদুল যাদব বলেন

যে এই অনুদান জেলার কৃষিভিত্তিক অর্থনীতির ক্ষেত্রে এক উল্লেখযোগ্য মাইলফলক ।

---

ভোটার তালিকার চলতি বিশেষ সংশোধনী সংক্রান্ত বিশেষ অভিযানের পরিপ্রেক্ষিতে হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে জেলার সব ভোটকেন্দ্রে আজ ও আগামীকাল এবং ১০ ও ১১ ই জানুয়ারী বি এল ও দেরকে প্রকাশিত খসড়া তালিকা সম্পর্কে দাবী আপত্তি গ্রহণের জন্য সকাল ১০ টা থেকে বিকেল চারটে পর্যন্ত উপস্থিত থাকার নির্দেশ হয়েছে । এছাড়া আগামী ১০ জানুয়ারী এ সংক্রান্ত গ্রামসভা অথবা ওয়ার্ড সভার জন্যো ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ দোয়া হয়েছে ।

---